



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নং-রেজি/শিক্ষা/৪৪৭৭(১০০)

তারিখঃ ০৯-০১-২০১৯

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে মুক্তিযোদ্ধা (সন্তান/নাতি-নাতনি) কোটায় ভর্তির জন্য আবেদনকারী সকল শিক্ষার্থীর সাক্ষাৎকার আগামী ২০-০১-২০১৯ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সাক্ষাৎকারের সময় অবশ্যই পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানীর মুক্তিযোদ্ধা সংক্রান্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মূল সনদপত্র, সরকারী গেজেট/লাল মুক্তিবার্তা/সবুজ মুক্তিবার্তার মূলকপি এবং মুক্তিযোদ্ধা সংক্রান্ত সরকারী ভাতা প্রাপ্তির প্রমাণপত্র সঙ্গে আনতে হবে। মুক্তিযোদ্ধার নাতি-নাতনির ক্ষেত্রে শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র/শিক্ষা সনদ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর নিকট থেকে সম্পর্কের প্রমাণপত্রের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

বিঃ দ্রঃ সাক্ষাৎকারে অনুপস্থিত আবেদনকারী শিক্ষার্থীদের ভর্তির কোন সুযোগ থাকবে না। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.ju-admission.org](http://www.ju-admission.org)) প্রচার করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

স্বাক্ষর/- (মোঃ আবু হাসান)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

এবং

সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি